# ডিজিটাল টেলিভিশনে (DTV) রূপান্তর আসন্ন।

*নাটকীয় রকম উন্নততর মানের টেলিভিশনের জন্য প্রস্তুত হোন।*

**আইন অনুযায়ী দেশব্যাপী টেলিভিশন চ্যানেলগুলিকে** 17ই ফেব্রুয়ারী 2009 এর মধ্যে তাদের সম্প্রচারকে অ্যানালগ থেকে ডিজিটালে রূপান্তরিত করতে হবে।* কেব্‌ল, স্যাটেলাইট বা টেলিফোন কোম্পানির টেলিভিশন পরিষেবার সাথে সংযুক্ত টেলিভিশন সেটগুলি এর দ্বারা প্রভাবিত হবে না, এবং এই তারিখের পরেও কার্যক্রম পেতে থাকবে। কিন্তু যে অ্যানালগ টেলিভিশন সেটগুলি অ্যান্টেনা থেকে সিগনাল গ্রহণ করে এবং কোন মূল্যপ্রদত্ত টেলিভিশন পরিষেবার সাথে সংযুক্ত নয়, সেগুলিকে এই রূপান্তরের তারিখের পর থেকে টেলিভিশন সিগনাল পেতে হলে একটি DTV কনভার্টার বক্স প্রয়োজন হবে।

*কম শক্তির এবং A শ্রেণীর টিভি স্টেশনগুলিকে ছাড় দেওয়া হয়েছে।

## ডিজিটাল টেলিভিশন (DTV) কি?

**ডিজিটাল টেলিভিশন (DTV) হল একটি অভিনব** নতুন প্রকারের বায়ুমাধ্যমে সম্প্রচারের প্রযুক্তি যা বায়ুতরঙ্গের মধ্যে দিয়ে কম্পিউটারের মত ডেটা বিটে ছবি সম্প্রচার করে। টিভি স্টেশনগুলিকে DTV নাটকীয়রূপে স্পষ্টতর ছবি, উন্নততর মানের আওয়াজ এবং আরো কার্যক্রমের বিকল্প প্রদান করতে সমর্থ করে তোলে।

এছাড়াও HD সেট আছে এমন দর্শকদের জন্য DTV হাই-ডেফিনিশন (HD) সম্প্রচারকে বাস্তব করে তোলে, এবং ইন্টারাক্টিভ সক্ষমতা ও ডেটা পরিষেবা প্রদান করে, যেমন বিশেষরূপে পরিবর্ধিত ক্লোজড ক্যাপশনিং।

## এই পরিবর্তন কেন?

**কংগ্রেস দ্বারা অনুমোদিত ডেফিসিট রিডাকশন অ্যাক্ট** 2005 আইনের অধীনে পূর্ণ-শক্তির স্থানীয় টেলিভিশন স্টেশনগুলিকে 17ই ফেব্রুয়ারী 2009 তারিখে তাদের অ্যানালগ চ্যানেলগুলি বন্ধ করে দিতে হবে, এবং শুধুমাত্র ডিজিটাল ফরম্যাটেই সম্প্রচার চালিয়ে যেতে হবে।

## DTV-র উপকারগুলি কি কি?

**DTV হল সম্প্রচারের আরো কার্যকরী উপায়, এবং** এটা বিভিন্ন প্রকারের নতুন পরিষেবার জন্য বায়ুতরঙ্গগুলিকে মুক্ত করবে। এছাড়াও DTV স্ফটিকের মত পরিষ্কার ছবি ও শব্দ, আরো বেশি চ্যানেল প্রদান করে এবং HD টেলিভিশন সেটের গ্রাহকদের জন্য বায়ুমাধ্যমে হাই-ডেফিনিশন টেলিভিশন (HDTV) প্রদান করে। বিনামূল্যের ব্রডকাস্ট টেলিভিশনের সাথে DTV অতীতের তুলনায় অনেক বেশি পরিষেবা প্রদানের সুযোগ দেবে।

## কারা প্রভাবিত হবেন?

**যে সকল গ্রাহক তাদের অ্যানালগ টিউনারযুক্ত** টেলিভিশন সেটে অ্যান্টেনার মাধ্যমে বিনামূল্যে সম্প্রচারিত টেলিভিশন সিগনাল পান এবং যারা কেব্‌ল, স্যাটেলাইট বা টেলিফোন কোম্পানি টেলিভিশন পরিষেবা প্রদানকারীর গ্রাহক নন - তারা এই রূপান্তরের দ্বারা প্রভাবিত হবেন।

**কমপক্ষে 1.96 কোটি পরিবার তাদের বাড়িতে** শুধুমাত্র বিনামূল্যে সম্প্রচারিত টেলিভিশন সিগনাল পান, এবং আনুমানিক 7 কোটি টেলিভিশন সেট 17ই ফেব্রুয়ারী 2009 এর পরে পূর্ণ-শক্তির টেলিভিশন স্টেশনগুলির থেকে তাদের সিগনাল হারাবার ঝুঁকির মুখে পড়েছে, যদি না এই সেটগুলির মালিকরা উন্নীত করার জন্য পদক্ষেপ গ্রহণ করেন।

## আমি কিভাবে DTV-তে উন্নীত হতে পারি?

**আপনি 17ই ফেব্রুয়ারী 2009 এর মধ্যে এই তিনটি ধাপের যে কোন একটি অনুসরণ করে উন্নীত করতে পারেন:**

1. **DTV কনভার্টার বক্স:** একটি DTV কনভার্টার বক্স কিনুন যা আপনার বিদ্যমান অ্যানালগ টিভি সেটে লাগানো যায়। একটি কনভার্টার বক্স আপনাকে বিনামূল্যে টেলিভিশন রিসেপশন পাওয়া চালিয়ে যেতে সমর্থ করে তুলবে, এবং এই বক্সগুলি, যার মূল্য $40 ও $70 এর মধ্যে হবে বলে আশা করা যায়, 2008 এর গোড়া থেকে কিনতে পাওয়া যাবে। ফেডারাল সরকার $40 এর কুপন প্রদান করছে,

*(পিছনের পৃষ্ঠায় চলছে)*

আপনি এই বক্সগুলি কেনার জন্য এইগুলি ব্যবহার করতে পারেন। *(বিশদ বিবরণের জন্য নিচে দেখুন)*

**2. ডিজিটাল টিভি সেট:** অন্তর্নির্মিত ডিজিটাল বা অ্যাডভান্সড টেলিভিশন সিস্টেমস কমিটি (ATSC) টিউনার সমেত একটি নতুন টেলিভিশন সেট কিনুন, যার দাম শুরু হয় $100 এর কম থেকে। ডিজিটাল টিউনারযুক্ত সমস্ত টিভিগুলি টেলিভিশন স্টেশনগুলির দ্বারা সম্প্রচারিত ডিজিটাল সিগনাল পেতে সমর্থ, তাই আপনি কোন মাসিক খরচ ছাড়াই বিনামূল্যের কার্যক্রম পাওয়া চালিয়ে যেতে পারেন।

**3. মূল্যপ্রদত্ত পরিষেবা:** আপনার অ্যানালগ টিভি সেট ব্যবহার করা চালিয়ে যেতে হলে কেব্‌ল, স্যাটেলাইট বা টেলিফোন কোম্পানি টেলিভিশন পরিষেবা প্রদানকারীর গ্রাহক হোন, যদি সেই পরিষেবা সমস্ত কাঙ্ক্ষিত স্থানীয় সম্প্রচার স্টেশনগুলি বহন করে।

## DTV কনভার্টার বক্স কি?

**DTV কনভার্টার বক্স হল একটি বৈদ্যুতিক** উপকরণ যা আপনার অ্যানালগ টেলিভিশন সেট ও অ্যান্টেনার সাথে সংযোগ স্থাপন করে এবং ডিজিটাল টেলিভিশন সিগনালকে অ্যানালগে রূপান্তরিত করে, যার ফলে তা আপনার অ্যানালগ টিভিতে দেখার যোগ্য হয়। কনভার্টার বক্সগুলির মূল্য $40 ও $70 এর মাঝামাঝি হবে বলে প্রত্যাশিত।

## আমি কিভাবে DTV কনভার্টার বক্সের জন্য কুপন পেতে পারি?

**ডিজিটালে উন্নীত হওয়ার খরচে সাহায্য দেওয়ার** জন্য ফেডেরাল সরকার DTV কনভার্টার বক্সের জন্য কুপন প্রদান করছে। পরিবারগুলি দুটি পর্যন্ত কুপনের জন্য আবেদন করতে পারবে, যার প্রতিটির মূল্য হল $40, এবং এইগুলিকে অবশ্যই 90 দিনের মধ্যে ব্যবহার করতে হবে। আরো তথ্যের জন্য অথবা কুপনের জন্য অনুরোধ করতে হলে 1 (888) DTV-2009 বা 1 (877) 530-2634 (TTY) এ কল করুন, www.DTV2009.gov এ যান অথবা কুপনের আবেদনগুলি পিও বক্স 2000, পোর্টল্যান্ড OR 97208 এ মেল করুন।

## আমি কি আমার অ্যানালগ টিভি সেট রেখে দিতে পারি?

**হ্যাঁ। DTV রূপান্তরের মধ্যে দিয়ে যাওয়ার জন্য** নতুন ডিজিটাল টেলিভিশন সেট কেনাই একমাত্র বিকল্প নয়। আপনি যদি আপনার অ্যানালগ টিভি সেটের ব্যবহার চালিয়ে যেতে চান তাহলে ডিজিটাল টেলিভিশনে পরিবর্তিত হওয়ার জন্য আপনাকে নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে একটিকে অবশ্যই বিবেচনা করতে হবে:

1. একটি DTV কনভার্টার বক্স কিনুন, যা নতুন ডিজিটাল সিগনালকে অ্যানালগ টেলিভিশন সেটের জন্য অ্যানালগ ফরম্যাটে রূপান্তরিত করবে।

2. নতুন ডিজিটাল সিগনাল পাওয়ার জন্য কেব্‌ল, স্যাটেলাইট বা টেলিফোন কোম্পানি টেলিভিশন পরিষেবা প্রদানকারীর গ্রাহক হোন।

## আমার টেলিভিশন সেট অ্যানালগ নাকি ডিজিটাল, আমি কিভাবে তা জানতে পারি?

**আপনার টিভি সেট বায়ুমাধ্যমে সম্প্রচারিত** ডিজিটাল সিগনাল পেতে পারে কিনা তা যাচাই করার জন্য আপনার ‘মালিকের নির্দেশিকায়’ দেখুন অথবা সেটটিতে অ্যাডভান্সড টেলিভিশন সিস্টেমস কমিটি (ATSC) টিউনার আছে কিনা তা নির্দেশকারী একটি চিহ্ন খুঁজুন। আপনি প্রস্তুতকারকের ওয়েবসাইটেও যেতে পারেন এবং প্রস্তুতকারকের মডেল নম্বরের দ্বারা সেটের কার্যকারিতাগুলি যাচাই করতে পারেন।

## HDTV এবং DTV কি একই জিনিস?

**না। DTV হল ডিজিটাল টেলিভিশন। HDTV** হল DTV-র সর্বোচ্চ মানের রূপভেদ, তবে এটি অনেকগুলি রূপভেদের মধ্যে একটি মাত্র। যে সমস্ত গ্রাহকের হাই ডেফিনিশন টিভি সেট আছে, তারা অ্যান্টেনা ব্যবহার করে বিনামূল্যে হাই ডেফিনিশন টেলিভিশন কার্যক্রম পেতে পারেন।

## বায়ুমাধ্যমে DTV পাওয়ার জন্য আমার কি একটি বিশেষ অ্যান্টেনা দরকার হবে?

**একটি ভাল ইনডোর বা আউটডোর অ্যান্টেনা** আপনার DTV রিসেপশনকে সর্বাধিক করে তুলবে। সাধারণত DTV-র নির্ভরযোগ্য রিসেপশনের জন্য সেই একই প্রকারের অ্যান্টেনা দরকার হবে যা বর্তমানে আপনার বাড়িতে অ্যানালগ টিভি সিগনালের ভাল মানের রিসেপশনের উদ্দেশ্যে কাজ করে।

আপনার বিনামূল্যের, স্থানীয় সম্প্রচারিত টিভি চ্যানেলগুলি পাওয়ার জন্য একটি আউটডোর অ্যান্টেনা নির্বাচনে সহায়তার জন্য www.antennaweb.org এ যান।

ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ব্রডকাস্টার্সের একটি উদ্যোগ, যারা সারা দেশব্যাপী 8,300 এর বেশি বিনামূল্যের, স্থানীয় রেডিও ও টেলিভিশন স্টেশনগুলি ও সম্প্রচার নেটওয়ার্কের প্রতিনিধিত্ব করে।